

বিদ'আতের প্রচলন (إنشاء البدعة في مكة)

মূর্তিপূজা সত্ত্বেও তারা ধারণা করত যে, তারা দ্বীনে ইবরাহীমের উপরে সঠিকভাবে কায়েম আছে।

কেননা 'আমর বিন লুহাই তাদের বুঝিয়েছিলেন যে, এগুলি ইবরাহীমী দ্বীনের বিকৃতি নয়, বরং ভাল কিছু সংযোজন বা 'বিদ'আতে হাসানাহ' মাত্র।

এজন্য তিনি বেশকিছু ধর্মীয় রীতি-নীতি চালু করেছিলেন। যেমন-

(১) তারা হজেজর মওসুমে 'মুযদালিফায়' অবস্থান করত, যা ছিল হারাম এলাকার অভ্যন্তরে। হারামের বাইরে হওয়ার কারণে তারা আরাফাতের ময়দানে যেত না বা সেখান থেকে মক্কায় ফিরে আসা অর্থাৎ

ত্বাওয়াফে এফাযাহ করত না। যা ছিল হজেজর
সবচেয়ে বড় রুকন। তারা মুযদালেফায় অবস্থান
করত ও সেখান থেকে মক্কায় ফিরে আসত।

সেজন্য আল্লাহ নির্দেশ দেন, **ثُمَّ أَفِيضُوا مِنْ حَيْثُ أَفَاضَ النَّاسُ**
‘অতঃপর তোমরা ঐ স্থান থেকে ফিরে এসো
ত্বাওয়াফের জন্য, যেখান থেকে লোকেরা ফিরে
আসে (অর্থাৎ আরাফাত থেকে) *(বাক্বারাহ*

২/১৯৯)।[1]

(২) তারা নিজেরা ধর্মীয় বিধান রচনা করেছিল যে,
বহিরাগত হাজীগণ মক্কায় এসে প্রথম ত্বাওয়াফের
সময় তাদের পরিবেশিত ধর্মীয় পোষাক(ثِيَابُ الْحُمْسِ)
পরিধান করবে। সম্ভবতঃ এটা তাদের অর্থনৈতিক

স্বার্থদুষ্ট বিদ'আত ছিল। যদি কেউ (আর্থিক কারণে বা অন্য কারণে) তা সংগ্রহে ব্যর্থ হয়, তবে পুরুষেরা সম্পূর্ণ উলঙ্গ হয়ে এবং মেয়েরা সব কাপড় খুলে রেখে কেবল ছোট্ট একটা কাপড় পরে ত্বাওয়াফ করবে। এতে তাদের দেহ একপ্রকার নগ্নই থাকত। ইবনু আববাস (রাঃ) বলেন, পুরুষেরা দিনের বেলায় ও মেয়েরা রাতের বেলায় ত্বাওয়াফ করত। তাদের এ অন্যায় প্রথা বন্ধ করার জন্য আল্লাহ আয়াত নাযিল করেন, **يَا بَنِي آدَمَ خُذُوا زِينَتَكُمْ**, **عِنْدَ كُلِّ مَسْجِدٍ** 'হে আদম সন্তান! প্রতি ছালাতের সময় তোমরা সুন্দর পোষাক পরিধান কর'।[2]

তাদের কাছ থেকে 'হুম্‌স' পোষাক কিনতে বাধ্য করার জন্য তারা এ বিধানও করেছিল যে, যদি বহিরাগত কেউ উত্তম পোষাকে এসে ত্বাওয়াফ করে, তাহ'লে ত্বাওয়াফ শেষে তাদের ঐ পোষাক খুলে রেখে যেতে হবে। যার দ্বারা কেউ উপকৃত হ'ত না' (ইবনু হিশাম ১/২০২)।

(৩) তাদের বানানো আরেকটা বিদ'আতী রীতি ছিল এই যে, তারা এহরাম পরিহিত অবস্থায় স্ব স্ব বাড়ীর সম্মুখ দরজা দিয়ে প্রবেশ করবে। কিন্তু বাকী আরবরা সকলে স্ব স্ব বাড়ীর পিছন দিক দিয়ে গৃহে প্রবেশ করবে। সম্মুখ দরজা দিয়ে নয়। এভাবে তারা তাদের ধার্মিকতার গৌরব সারা আরবের ঘরে ঘরে

ছড়িয়ে দিয়েছিল। এ প্রসঙ্গে আল্লাহ বলেন, **وَلَيْسَ الْبِرُّ بِأَنْ تَأْتُوا الْبُيُوتَ مِنْ ظُهُورِهَا وَلَكِنَّ الْبِرَّ مَنِ اتَّقَى وَأَتُوا الْبُيُوتَ مِنْ أَبْوَابِهَا** 'পিছনের দরজা দিয়ে গৃহে প্রবেশ করার মধ্যে কোন কল্যাণ নেই। বরং কল্যাণ রয়েছে তার জন্য যে আল্লাহকে ভয় করে। অতএব তোমরা গৃহে প্রবেশ কর সম্মুখ দরজা দিয়ে' (বাক্বারাহ

২/১৮৯)।[3]

উপরোক্ত আলোচনায় তৎকালীন আরবের ও বিশেষ করে মক্কাবাসীদের মধ্যে প্রচলিত শিরক ও বিদ'আত সমূহের একটা চিত্র পাওয়া গেল। যা তারা ইবরাহীম (আঃ)-এর একত্ববাদী দ্বীনে হানীফের মধ্যে ধর্মের নামে চালু করেছিল। আর এটাই ছিল

বড় জাহেলিয়াত এবং এজন্যেই এ যুগটিকে

‘জাহেলী যুগ’ বা **الْأَيَّامُ الْجَاهِلِيَّةُ** বলা হয়েছে।

আল্লাহ বলেন, **اللَّهُ وَلِيُّ الَّذِينَ آمَنُوا يُخْرِجُهُم مِّنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ**

وَالَّذِينَ كَفَرُوا أَوْلِيَاؤُهُمُ الطَّاغُوتُ يُخْرِجُونَهُم مِّنَ النُّورِ إِلَى

الظُّلُمَاتِ أُولَئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ ‘যারা বিশ্বাস

স্থাপন করেছে, আল্লাহ তাদের অভিভাবক। তিনি

তাদেরকে অন্ধকার হ’তে আলোর দিকে বের করে

আনেন। আর যারা অবিশ্বাস করেছে, শয়তান

তাদের অভিভাবক। তারা তাদেরকে আলো থেকে

বের করে অন্ধকারের দিকে নিয়ে যায়। ওরা হ’ল

জাহান্নামের অধিবাসী। সেখানে তারা চিরকাল

থাকবে’ (বাক্বারাহ ২/২৫৭)।

[1]. বুখারী হা/১৬৬৫; মুসলিম হা/১২১৯-২০।

[2]. আ'রাফ ৭/৩১; ইবনু কাছীর, তাফসীর উক্ত আয়াত।

[3]. বুখারী হা/১৮০৩; কুরতুবী, ইবনু কাছীর, তাফসীর বাক্বারাহ ১৮৯ আয়াত।